



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব : www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৫৯/১৯- ৪৩৫৯

তারিখ: ২৪/১২/২০১৯


বিষয়: স্ত্রীর শরীর র্লুড দিয়ে কেটে লবণ মাখিয়ে দেওয়া সংক্রান্ত অভিযোগের তদন্ত।

২৪ ডিসেম্বর, ২০১৯ তারিখ 'দৈনিক জনকণ্ঠ' পত্রিকায় 'স্ত্রীর শরীর র্লুড দিয়ে কেটে লবণ মাখিয়ে দিল পাষণ্ড' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, "স্ত্রীকে নগ্ন করে র্লুড দিয়ে শরীর চিড়ে লবণ মাখিয়ে ঘরে আটকিয়ে রাখার অভিযোগ উঠেছে খায়রুল ইসলাম নামের এক পাষণ্ড স্বামীর বিরুদ্ধে। বিপিএল নিয়ে জুয়া খেলায় সর্বশান্ত হয়ে ঘরে ফিরে তুচ্ছ ঘটনায় স্ত্রীকে নির্যাতন করে খায়রুল। নির্যাতিত গৃহবধু নুরন নাহার বর্তমানে লালমনিরহাট সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এই নির্মম ঘটনাটি ঘটেছে ঢাকায়। কৌশলে ঢাকা হতে পালিয়ে এসে নির্যাতনের শিকার গৃহবধু নুরন নাহার রবিবার লালমনিরহাট সদর হাসপাতালে ভর্তি হন। এর আগে শনিবার ভোরে তিনি ঢাকার কেরানীগঞ্জ ব্যাংক মার্কেট এলাকায় ভাড়া বাসা থেকে কৌশলে পালিয়ে চলে আসেন লালমনিরহাটে। নির্যাতনের শিকার গৃহবধু লালমনিরহাট সদর উপজেলার খুনিয়াগাছ ইউনিয়নের বাগডোহরা গ্রামের খায়রুল ইসলামের স্ত্রী। সোমবার ঘটনাটি হাসপাতাল হতে চাউর হয়। এতে শহরজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়।"

০২। এ অবস্থায়, অভিযোগ সংক্রান্ত বিষয়ে তথ্যানুসন্ধানপূর্বক আগামী ২২/০১/২০২০ তারিখের মধ্যে একটি প্রতিবেদন প্রেরণ করতে আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল।

সংযুক্ত: ০২ পাতা।

জেলা প্রশাসক
লালমনিরহাট


(এম. রবিউল ইসলাম)
উপপরিচালক
ফোন:-০২-৫৫০১৩৭২০